# দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... DEC 25 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...


39

## ১১ বছরেও মাদ্রাসার কমিটি গঠন হয়নি

চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানার ইসলামপুর শাহ্ ইয়াছিন সিনিয়র মাদ্রাসার পরিচালনা কমিটি দীর্ঘ ১১ বছর পর্যন্ত (নিয়মিত কমিটি) গঠন করা হয়নি। ১৯৮৮ইং সালে "ইসলাম ওয়েল ফেয়ার ট্রাস্ট" নামক এক বিশেষ কমিটি দ্বারা মাদ্রাসা পরিচালনা হয়ে আসছে। এ পর্যন্ত কয়েক বার মাদ্রাসা শিক্ষা বোর্ড ৬ মাস, এক বছর, সর্বশেষ তিন বছরের জন্য গত ২৪/৩/৯৯ইং তারিখে অনুমোদন দিয়েছে। যা বেসরকারী প্রতিষ্ঠানের নীতিমালার বিরোধী। কারণ, যদি কোন ট্রাস্ট/মিশন/বিশ্ববিদ্যালয়, ইত্যাদি প্রতিষ্ঠান কোন বেসরকারী প্রতিষ্ঠানের পরিচালনার দায়িত্বে থাকে তাহলে উক্ত ট্রাস্ট/মিশন/বিশ্ববিদ্যালয় ইত্যাদি উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতাদি গ্রহণ করবেন, পক্ষান্তরে ইসলামপুর শাহ্ ইয়াছিন সিনিয়র মাদ্রাসা সরকারী অনুদান গ্রহণ করা সত্ত্বেও কিভাবে ট্রাস্টের আওতায় বিশেষ কমিটি গঠন করে মাদ্রাসা পরিচালনা করে, যা আইনের পরিপন্থী। মাদ্রাসা শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিনীত প্রার্থনা, চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানাধীন ইসলামপুর শাহ্ ইয়াছিন সিনিয়র মাদ্রাসার পরিচালনা কমিটির "বিশেষ কমিটি" বাতিল করে নিয়মিত কমিটি গঠন করা হোক।

*মোঃ আবু নোমান (আবু বকর)*
গ্রাম-ইসলামপুর, ফরিদগঞ্জ, চাঁদপুর।